তথ্যবিবরণী নম্বর-১৩৯

# নাটোরে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০১ অগ্রহায়ণ (১৬ নভেম্বর):

আজ রবিবার (১৬ নভেম্বর) নাটোর জেলা তথ্য অফিসের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে তারুণ্য নির্ভর নতুন বাংলাদেশ গঠনে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আসমা শাহীন।

সভাপতির বক্তৃতায় জেলা প্রশাসক বলেন, আমাদের দেশের অধিকাংশ মানুষ তরুণ। তারুণ্যের শক্তিকে কাজে লাগাতে হবে। তরুণরা উদ্যোক্তা হওয়ার মাধ্যমে নিজেদের কর্মসংস্থানের পাশাপাশি অন্যদেরও কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারে। পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে এগিয়ে নিতে তরুণদের সাথে নিয়ে প্রতিটি দপ্তরকে কাজ করতে হবে। মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে তরুণ সমাজ বড় ভূমিকা রাখতে পারে। তরুণদের মাধ্যমেই দেশ বদলাবে এটাই আমরা প্রত্যাশা করি।

অতিরিক্ত জেলা প্রশাসক আসমা খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা তথ্য অফিসার রেজওয়ান মোরশেদ। অন্যান্যের মধ্যে নাটোর জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার মাহমুদা শারমিন নেলীসহ তরুণ উদ্যোক্তা, শিক্ষার্থী এবং সাংবাদিকবৃন্দ বক্তৃতা করেন।

অনুষ্ঠানে বক্তাগণ বলেন, তারুণ্য মানেই সম্ভাবনা, উদ্ভাবন আর কর্মশক্তি। তারুণ্যের শক্তিই হতে পারে উন্নত, সমৃদ্ধ ও বৈষম্যহীন বাংলাদেশের মূল চালিকাশক্তি। এসময় তাঁরা তারুণ্যের শক্তিকে কীভাবে আরও কার্যকরভাবে জাতীয় উন্নয়নে যুক্ত করা যায় এবং তারা কীভাবে পরিবর্তনের দূত হতে পারে সে বিষয়ে আলোকপাত করেন এবং এই ধরনের আলোচনা সভা তরুণদের অনুপ্রাণিত করবে ও তাদের সুপ্ত সম্ভাবনাগুলো জাগিয়ে তুলবে বলে তাঁরা আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের দপ্তর প্রধানগণসহ তরুণরা অংশগ্রহণ করেন।

............................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৬:২৫ঘ.